# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ

কার্যালয়ঃ বাসা নম্বর-৪২, খাগডহর বাজার, সদর, ময়মনসিংহ

ফোনঃ ০২৯৯৭৭১০৭৬১, Email: chairmanbisemmym@gmail.com

www.mymensingheducationboard.gov.bd


স্মারক নং- মশিবো/ময়/কলেজ/স্থাপন/৩৩৮১ তারিখঃ ১৯/০২/২০২৬খ্রি.

বিষয়ঃ ময়মনসিংহ জেলার সদর উপজেলাধীন "শম্ভুগঞ্জ বিজ্ঞান কলেজ"- এর উচ্চমাধ্যমিক পর্যায়ে কলেজ স্থাপনের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ বোর্ডের মঞ্জুরী কমিটির ২৮/১২/২০২৫খ্রি. তারিখের ১১ম সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার সদর উপজেলাধীন "শম্ভুগঞ্জ বিজ্ঞান কলেজ"- কে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে উচ্চমাধ্যমিক পর্যায়ে কলেজ স্থাপনের অনুমতি প্রদান করা হলো।

**শর্তসমূহঃ**

১. পাঠদানের অনুমতি চাওয়ার পূর্বেই অধ্যক্ষসহ প্রয়োজনীয় প্রশাসনিক জনবল নিয়োগ, জমি ক্রয় এবং অবকাঠামো নির্মাণসহ প্রয়োজনীয় শিক্ষা উপকরণ সংগ্রহ/তৈরি করতে হবে;
২. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক) স্থাপন, পাঠদান ও একাডেমিক স্বীকৃতি প্রদান নীতিমালা- ২০২২(সংশোধিত-২০২৩) অনুযায়ী সকল শর্ত যথাযথভাবে পূরণ করতে হবে;
৩.ব্যক্তি নামে কলেজ নামকরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসার ও অধ্যক্ষের যৌথ স্বাক্ষরে ২৫,০০০০০/-(পচিশ লক্ষ) টাকা ব্যাংকে জমা প্রদান করে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রদান করতে হবে;
৪.কলেজ প্রতিষ্ঠা ও পরিচালনার সাথে সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;
৫. কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে;
৬. বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে
স্বাঃ-
(প্রফেসর এস. এম. আরিফুর রহমান)
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।

অধ্যক্ষ/সভাপতি
শম্ভুগঞ্জ বিজ্ঞান কলেজ
সদর, ময়মনসিংহ।

স্মারক নং- মশিবো/ময়/কলেজ/স্থাপন/৩৩৮১ তারিখঃ ১৯/০২/২০২৬খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো-

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩. মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
৪. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৫. জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৬. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
৭. সহকারি প্রোগ্রামার, মধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৮. পি.এস.টু চেয়ারম্যান, মধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৯. অফিস কপি।

১৯/০২/২৬

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।

১৯.০২.২৬

Scanned with CamScanner